



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর
সরেজমিন উইং
খামারবাড়ি, ফার্মগেট, ঢাকা-১২১৫
www.dae.gov.bd

কৃষিই সমৃদ্ধি

নম্বর: ১২.০১.০০০০.১৬১.৪০.৪১৬.২৩.১৭৯৯

তারিখ: ২৬ ভাদ্র ১৪৩১ বঙ্গাব্দ
১০ সেপ্টেম্বর ২০২৪ খ্রিস্টাব্দ

বিজ্ঞপ্তি/নোটিশ

বিষয়: নবায়ন বিহীন মেয়াদ উত্তীর্ণ নিবন্ধন সনদ বাতিল সংক্রান্ত।

এতদ্বারা সার ও সারজাতীয় পণ্যের আমদানীকারক, উৎপাদনকারী ও পরিবেশক প্রতিষ্ঠানসমূহের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, যে সকল প্রতিষ্ঠানের নিবন্ধন সনদের নবায়নের মেয়াদ উত্তীর্ণ হয়েছে অথচ প্রতিষ্ঠানের নিজস্ব ত্রুটি যেমন- সারের প্যাকেট, হালনাগাদ আয়কর ইত্যাদি কারণে নবায়ন প্রক্রিয়া সম্পন্ন হয় নাই, তাদেরকে আগামী ৩০ সেপ্টেম্বর- ২০২৪ মধ্যে নবায়ন প্রক্রিয়া সম্পন্ন করার জন্য সর্বশেষ তাগিদপত্র প্রদান করা হল। অন্যথায় আগামী ৩০/০৯/২০২৪ খ্রিঃ তারিখের পর অনবায়নকৃত সকল সনদ স্বয়ংক্রীয়ভাবে বাতিল বলে গণ্য হবে। উপজেলা কৃষি অফিসারগণ ১৫/১০/২০২৪ খ্রিঃ তারিখের মধ্যে তার উপজেলার আওতাধীন অনবায়নকৃত প্রতিষ্ঠানের তালিকা প্রস্তুতকরত: আইনানুগ ব্যবস্থা গ্রহণ করে প্রতিবেদন প্রেরণ করবেন।

মেয়াদোত্তীর্ণ প্রতিষ্ঠানের কোন সার ও সারজাতীয় দ্রব্য পাওয়া গেলে সংশ্লিষ্ট প্রতিষ্ঠান ব্যক্তিগতভাবে দায়ী থাকবেন। উল্লেখ্য যে, সকল সার ও সার জাতীয় দ্রব্যাদির সনদ প্রদান ও নবায়নের তথ্য কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের ওয়েব সাইটে নিয়মিত হালনাগাদ করা হয়। পরিদর্শকগণকে তা অনুসরণ করে মনিটরিং জোড়দার করার জন্য অনুরোধ করা হলো।

তারিখঃ
১০-০৯-২০২৪
মো: তাজুল ইসলাম পাটোয়ারী
পরিচালক
dfsw@dae.gov.bd

বিতরণ জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। উপপরিচালক (সার ব্যবস্থাপনা), সরেজমিন উইং, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা-১২১৫;
- ২। উপপরিচালক (আইসিটি ব্যবস্থাপনা), পরিকল্পনা, প্রকল্প বাস্তবায়ন ও আইসিটি উইং, ডিএই, খামারবাড়ি, ঢাকা-১২১৫। আপনাকে পত্রটি ডিএই'র ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো;
- ৩। উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, ----- (সকল) জেলা। (আপনার জেলার সকল উপজেলায় পত্রটির বিষয়ে অবহিত করার জন্য অনুরোধ করা হলো);
- ৪। অতিরিক্ত উপপরিচালক (নিয়ন্ত্রণ কক্ষ), সরেজমিন উইং, ডিএই, খামারবাড়ি, ঢাকা-১২১৫;
- ৫। উপজেলা কৃষি অফিসার,..... (সকল);
- ৬। অতিরিক্ত উপপরিচালক, মহাপরিচালকের দপ্তর, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর;
- ৭। চেয়ারম্যান, বাংলাদেশ ফার্টিলাইজার এসোসিয়েশন, আল-রাজী কমপ্লেক্স (৬ষ্ঠ তলা), পুরানা পল্টন, ঢাকা- ১০০০ এবং
- ৮। মেসার্স..... (সকল প্রতিষ্ঠান)।

